

জবি/প্রশা/ভর্তি:২০২১-২২/২০০২

তারিখ: ২১ জানুয়ারি, ২০২৩

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট- <https://admission.jnu.ac.bd> এবং www.jnu.ac.bd

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে A, B এবং C ইউনিটে ৯ম মেধা তালিকায় বিষয় বরাদ্দ প্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ২২/০১/২০২৩ হতে ২৩/০১/২০২৩ তারিখের মধ্যে ভর্তি ফিস জমা দিয়ে ভর্তি হতে হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট <https://admission.jnu.ac.bd>-এ নিজ নিজ প্যানেলে লগইন করে অনলাইনে ভর্তি ফিস জমা দিতে হবে। ভর্তি ফিস জমা দিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিভাগ ও ডীন অফিসে সনদপত্রাদি জমা দিয়ে এবং যারা ইতোমধ্যে GST গুচ্ছের অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি আছে তারা অনলাইনে অবশিষ্ট ভর্তি ফিস জমা দিয়ে পূর্বে জমাকৃত ভর্তি ফিসের Acknowledgement Slip সরাসরি সংশ্লিষ্ট বিভাগ এবং ডীন অফিসে জমা দিয়ে ভর্তি নিশ্চিত করবে।

কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য ফিসের পরিমাণ

| অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ | মোট ভর্তি ফিস | জমাকৃত ভর্তি ফিস | অবশিষ্ট ভর্তি ফিস |
|-----------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------|------------------|-------------------|
| বিজ্ঞান অনুষদ ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগ সমূহের জন্য | ১২,৪০০/- টাকা (ব্যবহারিক ক্লাসের ফিসহ) | ৫,০০০/- টাকা | ৭,৪০০/- টাকা |
| বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগ সমূহের জন্য | ১০,৪০০/- টাকা | ৫,০০০/- টাকা | ৫,৪০০/- টাকা |
| কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ এবং ইনস্টিটিউটসমূহের জন্য (বিশেষায়িত চারটি বিভাগ ব্যতীত) | ১০,৪০০/- টাকা | ৫,০০০/- টাকা | ৫,৪০০/- টাকা |

- ❖ ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে Nagad বা bKash বা Rocket বা Sure Cash মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভর্তি ফিস জমা দিতে হবে।
- ❖ শিক্ষার্থীকে ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত বিভাগে নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে (শুধুমাত্র নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য):
(ক) GST গুচ্ছের ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
(খ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও ৪ (চার) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) SSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
(ঘ) HSC/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি।
- ❖ ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদি বিভাগীয় শিক্ষকদের সহযোগিতায় যাচাই-বাছাই পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ❖ সকল অনুষদ, ইনস্টিটিউট ও বিভাগীয় দপ্তরে শেয়ারকৃত অনলাইন প্যানেলে ভর্তিকৃত/বাতিলকৃত শিক্ষার্থীদের তথ্যাদি যথাসময়ে ও সতর্কতার সাথে ইনপুট দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ❖ ভর্তি সংক্রান্ত তথ্য <https://admission.jnu.ac.bd> এবং www.jnu.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

২১/০১/২০২৩

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)

রেজিস্ট্রার

তারিখ: ২১ জানুয়ারি, ২০২৩

জবি/প্রশা/ভর্তি:২০২১-২২/২০০২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (কেন্দ্রীয় ও বিভাগীয় তহবিলে অর্থ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৫. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৮. পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. অফিস/সংরক্ষণ নথি।

২১/০১/২০২৩

(মো: আল হেলাল উদ্দিন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)